DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 06 Oct 2026, 04:48 AM

বিনোদন

পরীমণির বিয়ের খরচের দায়িত্ব নিলেন জয়

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM

অধিকাংশ সময়ই ব্যক্তিগত জীবন নিয়ে আলোচনায় থাকেন পরীমণি। বুধবার দিবগত রাত থেকে তিনি আলোচনায় বিয়ে সংক্রান্ত ঘোষণা দিয়ে। এবার আলোচিত-সমালোচিত উপস্থাপক ও অভিনেতা শাহরিয়ার নাজিম জয় পরীমণির বিয়ের সমস্ত খরচ দেওয়ার ঘোষণা দিলেন।

বৃহস্পতিবার (১৬ জুলাই) নিজের ফেসবুকে জয় লেখেন, নিজের একটা ভুলের জন্য পরীমণির কাছে ফোন করে ক্ষমা চেয়ে ছিলাম। ক্ষমা পেয়েছি। আর্জেন্টিনা জিতলে যদি সত্যি সত্যি ও বিয়ে করে তবে ভাই হিসেবে বিয়ের যাবতীয় খরচের দায়িত্ব আমি নিলাম।

বুধবার আর্জেন্টিনা-ইংল্যান্ডের ম্যাচের আগে মেসিভক্ত পরীমণি ফের বিয়ে করবেন বলে ঘোষণা দেন। সঙ্গে জুড়ে দেন শর্ত।

নিজের ফেসবুকে পরী লেখেন, আর্জেন্টিনা কাপ (ফিফা ফুটবল বিশ্বকাপ) জিতলে আমি আবার একটা বিয়ে করব ফাইনাল।

ইংল্যান্ডের বিপক্ষে আর্জেন্টিনার জয় নিশ্চিত হলে আরও একটি পোস্ট দেন নায়িকা। বৃটিশ খেলোয়াড় হ্যারি কেইনের উদ্দেশে সোশ্যাল

হ্যান্ডেলে লেখেন, Harry Kane পারলে না তুমি আমার বিয়েটা ঠেকাতে!

এরপর থেকেই সামাজিক যোগাযোগমাধ্যমে সরগরম পরীমণির বিয়ে নিয়ে। নেটিজেনরা বিভিন্ন রকম মন্তব্য করছেন। জয়ের ঘোষণা যেন সে আগুনে ফের হাওয়া দিল।

এ বিভাগের আরও খবর

দশ বছর পর দাম্পত্যে ইতি টানলেন প্রীতম-শেহতাজ

দীর্ঘ ১০ বছরের সম্পর্ক ও দাম্পত্য জীবনের পর বিচ্ছেদের সিদ্ধান্ত নিয়েছেন সংগীতশিল্পী প্রীতম হাসান ও মডেল-অভিনেত্রী শেহতাজ মনিরা হাশেম। পারস্প...

একসময় গরিব ছেলে পছন্দ ছিল: প্রভা

অভিনেত্রী সাদিয়া জাহান প্রভাকে এখন পর্দায় কালেভদ্রে দেখা যায়। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতই সরব তিনি। বিভিন্ন পোস্টের মাধ্যমে অনুসারীদে...

বিমানবন্দরে গ্রেপ্তার অপু বিশ্বাসের শিকার নায়ক

হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশ গ্রেপ্তারঢাকা প্রতিনিধি।বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশকে...

এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে: জুয়া নিয়ে ভিডিও বানিয়ে প্রশংসায় চমক

এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে! সহজে টাকা আয়ের রঙিন স্বপ্নে অনলাইন জুয়ার ফাঁদে পড়েছিলেন শিহাব নামের এক যুবক। হারানো টাকা ফেরত পাওয়ার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/primnir-biyer-khrcher-dayitb-nilen-jy